# সুনান আত তিরমিজী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ৩৮১

২/ সালাত (নামায) (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ সালাতে ফুঁ দেওয়া মাকরূহ।

## باب مَا جَاءَ فِي كَرَاهِيَةِ النَّفْخِ فِي الصَّلاَةِ

আরবী

حَدَّثَنَا أَحْمَدُ بْنُ مَنِيعٍ، حَدَّثَنَا عَبَّادُ بْنُ الْعَوَّامِ، أَخْبَرَنَا مَيْمُونٌ أَبُو حَمْزَةَ، عَنْ أَبِي صَالِحٍ، مَوْلَى طَلْحَةَ عَنْ أُمِّ سَلَمَةَ، قَالَتْ رَأَى النَّبِيُّ صلى الله عليه وسلم غُلاَمًا لَنَا يُقَالُ لَهُ أَفْلَحُ إِذَا سَجَدَ نَفَخَ فَقَالَ " يَا أَفْلَحُ تَرِّبْ وَجْهَكَ " . قَالَ أَحْمَدُ بْنُ مَنِيعٍ وَكَرِهَ عَبَّادُ بْنُ الْعَوَّامِ النَّفْخَ فِي الصَّلاَةِ وَقَالَ إِنْ نَفَخَ لَمْ يَقْطَعْ صَلاَتَهُ . قَالَ أَحْمَدُ بْنُ مَنِيعٍ وَبِهِ نَأْخُذُ . قَالَ أَبُو عِيسَى وَرَوَى بَعْضُهُمْ عَنْ أَبِي حَمْزَةَ هَذَا الْحَدِيثَ وَقَالَ مَوْلًى لَنَا يُقَالُ لَهُ رَبَاحٌ .

বাংলা

৩৮১. আহমদ ইবনু মানী (রহঃ) ...... উম্মু সালামা রাদিয়াল্লাহু আনহা থেকে বর্ণিত যে, তিনি বলেনঃ আফলাহ নামের আমাদের একটি গোলাম ছিল। একদিন তাকে রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম সালাতে ফুঁ দিতে দেখে বললেনঃ হে আফলাহ! তোমার মূখে মাটি পড়ুক। - তা’লীকুর রাগীব ১/১৯৩, মিশকাত ১০০২, যইফা ৫৪৮৫

আমহদ ইবনু মানী (রহঃ) বলেনঃ আববাদ ইবনুল আওয়াম সালাতে ফুঁ দেওয়া মাকরূহ বলেছেন। তিনি বলেনঃ কেউ যদি ফুঁ দেয়, তবে এতে তার সালাত নষ্ট হয়ে যাবে না। আহমদ ইবনু মানী বলেনঃ আমরা এই অভিমতটই গ্রহণ করেছি। ইমাম আবূ ঈসা তিরমিযী (রহঃ) বলেনঃ আবূ হামযার সূত্রে কোন কোন রাবী এই হাদীসটি বর্ণনা করতে যেয়ে غُلاَمًا لَنَا يُقَالُ لَهُ أَفْلَحُ এর স্থলে مَوْلًى لَنَا يُقَالُ لَهُ رَبَاحٌ (রাবাহ নামক আমাদের এক আযাদ ক্রীতদাস) এই কথা উল্লেখ করেছেন।

## English

Umm Salamah narrated:
"The Prophet (S) saw a boy of ours - called Aflah - blowing when he prostrated. So he said: 'O Aflah! Put your face in the dirt.'"

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন  বর্ণনাকারীঃ উম্মু সালামাহ (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=17570

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন